

■ সহীহ ইবনু হিব্রান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৮২

১২. কিতাবুস সিয়াম (الصوم)

পরিচ্ছেদঃ লাইলাতুল কদরের আলামত হলো এই রাতের পর সকালে সূর্য উদিত হবে, তার কোন কিরণ থাকবে না

ذِكْرُ عَلَامَةِ الْقَدْرِ بِوَصْفِ ضَوْءِ الشَّمْسِ صَبِيَحَتَهَا بِلَا شَعَاعٍ

আরবী

3682 - أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ بْنُ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ الدِّمَشْقِيُّ حَدَّثَنَا الْوَلِيدُ حَدَّثَنَا الْأَوْزَاعِيُّ حَدَّثَنِي عَبْدُهُ بْنُ أَبِي لِبَابَةَ حَدَّثَنِي زِرُّ بْنُ حُبَيْشٍ أَنَّهُ قَالَ لِأُبْيِي بْنِ كَعْبٍ: أَنَّ ابْنَ مَسْعُودٍ يَقُولُ: مَنْ قَامَ السَّنَةَ أَصَابَ لَيْلَةَ الْقَدْرِ فَقَالَ: أَبْيُ وَاللَّهِ الَّذِي لَا إِلَهَ أَلَّا هُوَ إِنَّهَا لَفِي شَهْرِ رَمَضَانَ - يَحْلِفُ مَا يَسْتَنْتَنِي - وَاللَّهِ إِنِّي لَأَعْلَمُ أَنَّ لَيْلَةَ الْقَدْرِ هِيَ هَذِهِ الْلَّيْلَةُ الَّتِي أَمْرَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ نَقُومَهَا صَبِيَحَةً سَبْعِ وَعِشْرِينَ وَأَمَارَتُهَا أَنَّ تَطْلُعَ الشَّمْسُ فِي صَبِيَحَةِ يَوْمِهَا بِيَضْنَاءٍ لَا شُعَاعَ لَهَا كَأَنَّهَا طَسْتُ.

الراوي : زِرٌّ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان

على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3682 | خلاصة حكم المحدث: صحيح - ((صحیح أبي داود))

.(1247) م.

বাংলা

৩৬৮২. যির বিন ভবাইশ রহিমাহলাহ থেকে বর্ণিত, তিনি উবাই বিন কাব'র রাদিয়াল্লাহু আনহুকে বলেন, “নিশ্যই ইবনু মাসউদ রাদিয়াল্লাহু আনহু বলেন, “যে ব্যক্তি পুরো বছর কিয়াম করবে, সে লাইলাতুল কদর পাবে।” তখন উবাই রাদিয়াল্লাহু আনহু বলেন, “ঐ আল্লাহর কসম, যিনি ছাড়া প্রকৃত কোন মাঝুদ নেই, নিশ্যই এটা রম্যান মাসে। সেটা শেষ দশকে এবং সেটা ২৭ তম রজনীতে। -তিনি কোন কিছুকে আলাদা না করে সাধারণভাবে শপথ করেন- আল্লাহর কসম, নিশ্যই আমি জানি যে, লাইলাতুল কদর হলো সেই রাত, যাতে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে কিয়াম করতে বলেছেন। আর এটা ২৭ তম রাতের সকালের কথা। এটার আলামত হলো, এই রাতের ভোরে সূর্য শুভ হয়ে উদিত হবে, তাতে কোন কিরণ থাকবে না, যেন সেটা একটা

গামলা।”[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুয়াইমাহ: ২১৯১; হুমাইদী: ৩৭৫; সহীহ মুসলিম: ২/৮২৮; সুনান বাহহাকী: ৪/৩১২; বাগাবী: ১৮২৮; মুসান্নাফ আবুর রায়যাক: ৭৭০০; আবু দাউদ: ১৩৭৮; তিরমিয়ী: ৭৯৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাত্তল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাত্তল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ ঘির ইবন হুবায়শ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93019>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন